যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

24 2007

# ছাত্র রাজনীতি পছন্দ নয় কুমিল্লার কৃতী শিক্ষার্থীদের

**কুমিল্লা প্রতিনিধি**

শিক্ষাঙ্গনে পড়ালেখার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে ছাত্র রাজনীতিকে কোনভাবেই প্রাধান্য দেয়া উচিত নয়। এতে শিক্ষার্থীদের ভবিষ্যৎ অনিশ্চিত এবং সংকটাপন্ন হওয়ার সম্ভাবনাই বেশি থাকে। কথাগুলো এবারের এসএসসি পরীক্ষায় কুমিল্লা শহরের তিনটি সেরা স্কুলের জিপিএ-৫ অর্থাৎ এ+ অর্জনকারী কৃতী ছাত্রছাত্রীদের। এদের কেউই ছাত্র রাজনীতি পছন্দ করে না। কুমিল্লা জিলা স্কুলের ১৬ জন জিপিএ-৫ অর্থাৎ এ+ পেয়েছে। তাদের ভবিষ্যৎ পরিকল্পনায় কেউ অধ্যাপনা, কেউবা চিকিৎসক ও কম্পিউটার প্রকৌশলী হওয়ার ইচ্ছা ব্যক্ত করেছে। কেউ বলছে, এখনও নিশ্চিত করে বলা যাচ্ছে না ভবিষ্যতে কি হব। কৃতী ছাত্র এনামুল হক, আরিফুল হক ভূঁইয়া, সাইমুন শাহরিয়ার, রিফাত হোসেন, পতিব দে সৌরভ, নাদিমুল ইসলাম, আশরাফুল ইসলাম, হাজাজুল ইসলাম, সুবল চন্দ্র দেবনাথ, আমজাদ হোসেন, আবদুল্লাহ মাহী, মনোজ প্রভাকর সাহা, এইচ এন আশিকুর রহমান, মোঃ আদ[illegible]

এরা

শিক্ষক-শিক্ষিকাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছে। আওয়ার লেডি অব ফাতিমা গার্লস হাই স্কুলের এ+ অর্জনকারী উম্মে হাবিবা, মিষ্টি দাস, রোমেনা আকতার, তানজিলা ইসলাম ও হেনায়ারা বেগম– এ পাঁচজনেরই ভবিষ্যৎ ইচ্ছা অনেক বড় হওয়ার। এরা সবাই ছাত্রদের মধ্যে রাজনৈতিক প্রভাব দূর করার পক্ষে। তাদের মতে, ছাত্র রাজনীতি বন্ধ না করলে শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ ফিরে আসবে না। ভাল ফলাফলের জন্য দিনের অধিকাংশ সময় ধরে লেখাপড়া করার কোন কারণ নেই।



*কুমিল্লা : এ+ অর্জনকারী প্রিয় ছাত্রদের সঙ্গে কুমিল্লা জিলা স্কুলের শিক্ষকদের ক'জন (উপরে), আওয়ার লেডি অব ফাতিমা গার্লস হাই স্কুলের প্রধান শিক্ষিকা সিস্টার মেরী শিখা প্রিয় ছাত্রীদের নিয়ে (মাঝে) এবং নিচে নবাব ফয়জুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের কৃতী ছাত্রী নাহিন তানিয়া তিমা (বাঁয়ে) ও (ডানে) ওই স্কুলের সুমনা ভৌমিক মা-বাবার সঙ্গে* –যুগান্তর

ফলাফল করা যায়। নবাব ফয়জুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে এবার এ+ অর্জনকারী নাহিন [illegible]